

বিষয়টি অতীব জরুরী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



সেকেভারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)

www.sesip.gov.bd


স্মারক নং: মাউশি/সেসিপ/জনবল/১-২/২০১৩/৮৩১

তারিখ: ৩০/১২/২০২১ খ্রি:

বিষয়: সেকেভারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP) এর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেভারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর বাস্তবায়ন মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির কারণে সেসিপের নির্ধারিত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত প্রোগ্রামের মেয়াদ বৃদ্ধির বিষয়টি প্রক্রিয়াধীন। যথাযথ প্রক্রিয়া সমাপনান্তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মেয়াদ বৃদ্ধির আদেশ জারী করা হবে।

এমতাবস্থায়, সেকেভারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP) এর অধীনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্ব স্ব দপ্তরে যথারীতি দায়িত্ব পালন অব্যাহত রাখার নির্দেশ প্রদান করা হলো।


(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
প্রোগ্রাম পরিচালক, সেসিপ
ও
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
- ২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও ক্রয়/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)
- ৭) জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৮) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
- ৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। [পত্রটি মেসেজ কমিউনিকেশন-এ প্রেরণের অনুরোধসহ]
- ২। প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), সেসিপ, মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। [পত্রটি সেসিপ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩। অফিস কপি।